# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, JANUARY 2015**

**FIRST YEAR**

Date : 05/01/2015 **BENGALI (Honours)**

Time : 11 am – 3 pm Paper : I Full Marks : 100

১। চর্যাপদের সময়কাল উল্লেখ করে চর্যায় প্রতিফলিত ধর্ম-দর্শন বিষয়ে আলোচনা করো। (১০)

**অথবা**

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বিষয়বস্তু উল্লেখ করো। এই কাব্যের মধ্যে প্রতিফলিত সমাজ, সংস্কৃতি ও অর্থনীতির যে ছবি পাওয়া যায়, তার পরিচয় দাও। (২ + ৮)

২। মঙ্গলকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। প্রাক্-চৈতন্যযুগের একজন মনসামঙ্গল কাব্যের কবির নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। (৪ + ১ + ৫)

**অথবা**

রামায়ণের সর্বাধিক জনপ্রিয় অনুবাদক কে? তাঁর কাব্যরচনাকাল ও বংশ পরিচয় উল্লেখ করো। এই কাব্যের জনপ্রিয়তার কারণ লেখো। (১ + ২ + ২ + ৫)

৩। টীকা লেখো ঃ (১ × ৫)

শাহ্ মুহম্মদ শগীর **অথবা** কৃষ্ণদাস কবিরাজ

৪। সঠিক বানান লেখো এবং জানাও অশুদ্ধির কারণ কী। (৪ + ৪)

আকাঙ্খা, ব্যঘাত, প্রতিযোগীতা, লক্ষী, বীক্ষন, রুক্মিনি, দ্বর্থক

৫। নীচের যে কোনো দুটি বাক্যকে মান্য লিখিত বাক্যের পদ্ধতি অনুযায়ী শুদ্ধ করো এবং জানাও এদের অশুদ্ধির কারণ কী। (২ × ৩)

ক) যখন আমার ঘুমানোর কথা বলা হলো।

খ) আমি আরোগ্য হয়েছি।

গ) লোকটি আমার হয়ে সাক্ষী দিল।

ঘ) আমি তো সেখানে যায়নি।

৬। বাংলা স্বরধ্বনির উচ্চারণ স্থান সম্পর্কে আলোচনা করো। (১১)

**অথবা**

স্বনিম কাকে বলে? স্বনিম বিশ্লেষণের ইতিমূলক দিকটি আলোচনা করে এক্ষেত্রে সতর্কতার বিষয়গুলি স্পষ্ট করো। (২ + ৪ + ৫)

৭। আক্ষেপানুরাগ বলতে কী বোঝো? তোমার পঠিত আক্ষেপানুরাগ পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য বিচার করো। (৪ + ৭)

**অথবা**

‘অভিসার’ কথাটি ব্যাখ্যা করো। এই পর্যায়ের পদ রচনায় একজন কবির প্রতিভা ও এই পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো। (১১)

৮। ‘রূপ লাগি আঁখি ঝুরে’ পদটির পদকর্তা ও পর্যায় উল্লেখ করে এর কাব্যসৌন্দর্য বিচার করো। (২ + ২)

**অথবা**

‘বুক বাহিয়া পড়ে ধারা’ —কার লেখা, কোন্ পর্যায়ের পদ? কার বুক বেয়ে কেন ধারা পড়ছে? (২ + ২)

৯। আগমনী-বিজয়া পর্যায়ে কমলাকান্ত ভট্টাচার্যের কাব্যপ্রতিভার পরিচয় দাও। (১১)

**অথবা**

ভক্তের আকুতি পর্যায়ে রামপ্রসাদ সেনের কাব্যপ্রতিভার পরিচয় দাও। (১১)

১০। ‘মা আমায় ঘুরাবে কত’— পদকর্তা ও পর্যায় উল্লেখ করে কবির এই আক্ষেপের কারণ লেখো। (২ + ২)

**অথবা**

‘‘কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি’— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? বক্তার মনোভাব ব্যক্ত করো। (১ + ১ + ২)

১১। অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। (১০)

**অথবা**

সংক্ষেপে আলোচনা করো ( যে কোনো **দুটি**) ঃ (৫ + ৫)

দল, মাত্রা, লয়, ছেদ

১২। যে কোনো **দুটির** ছন্দোলিপি প্রণয়ন করো। (৫ + ৫)

ক) আমি পরী অপ্সরী
বিদ্যুৎপর্ণা,—
মন্দার কেশে পরি
পারিজাত-ঝর্ণা;
নেমে এনু ধরণীতে
ধূলিময় সরণীতে
ক্ষণিকের ফুল নিতে
কাঞ্চন বর্ণা।

খ) প্রণমিয়া পাটনী কহিছে জোড় হাতে।
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।।
তথাস্তু বলিয়া দেবী দিলা বরদান।
দুধেভাতে থাকিবে তোমার সন্তান।।

গ) কত মধু-যামিনী রভসে গোঁয়াইলুঁ
ন বুঝলঁ কৈছন কেল।
লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখলুঁ
তব হিয়া জুড়ন না গেল।।

ঘ) একাকী গায়কের নহে তো গান,
গাহিতে হবে দুই জনে।
গাহিবে একজন খুলিয়া গলা,
আরেক জন গাবে মনে।